

**পেনশন সহজীকরণ আদেশ ২০২০ এর ৪.০৯ অনুচ্ছেদ অনুযায়ী পেনশন মঞ্জুরীর
প্রয়োজনীয় ফরম, সনদ ও কাগজপত্রাদি**

(ক) কর্মচারীর নিজের অবসর গ্রহণের ক্ষেত্রে:

আনুতোষিক ও অবসর ভাতা পাওয়ার জন্য নিম্নবর্ণিত ১-১০ নং ক্রমিকে উল্লিখিত ফরম, সনদ ও কাগজপত্রসহ সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে এবং উক্ত ফরম, সনদ ও কাগজপত্রাদির ভিত্তিতে প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত পেনশন মঞ্জুরীর আদেশসহ ১-১০ নং ক্রমিকে উল্লিখিত কাগজপত্র হিসাব রক্ষণ অফিসে দাখিল করিতে হইবে। হিসাব রক্ষণ অফিস ইহার অতিরিক্ত কোন ফরম, সনদপত্র ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না।

- (০১) পেনশন আবেদন ফরম ২.১ (সংযোজনী-৪);
- (০২) নন-গেজেটেড কর্মচারীগণের ক্ষেত্রে হালনাগাদ সার্ভিস বুক;
- (০৩) অবসর ও পিআরএল-এ গমনের মঞ্জুরীপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
- (০৪) প্রত্যাশিত শেষ বেতনপত্র (ইএলপিসি) (প্রযোজ্য ক্ষেত্রে);
- (০৫) সত্যায়িত ছবি ০৪(চার) কপি;
- (০৬) জাতীয় পরিচয়পত্র;
- (০৭) চাকুরী স্থায়ীকরণ/নিয়মিতকরণের আদেশ (উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব খাতে স্থানান্তরিক/আত্মীকৃত/এডহক ভিত্তিতে নিয়োগকৃতদের ক্ষেত্রে প্রযোজ্য);
- (০৮) প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনীয়-২);
- (০৯) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙুলের ছাপ (সংযোজনী-৬);
- (১০) না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনীয়-৮)

(খ) পারিবারিক পেনশনের ক্ষেত্রে:

আনুতোষিক ও অবসর ভাতা পাওয়ার জন্য নিম্নবর্ণিত ফরম, সনদ ও কাগজপত্রাদি সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ/হিসাব রক্ষণ অফিসে দাখিল করিতে হইবে এবং প্রশাসনিক কর্তৃপক্ষ/হিসাব রক্ষণ ইহার অতিরিক্ত কোন ফরম, সনদপত্র ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না। তবে প্রতিবন্ধী সন্তানের অনুকূলে আজীবন পারিবারিক পেনশন মঞ্জুরীর ক্ষেত্রে অনুচ্ছেদ ৩.০৩ অনুসরণে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(১) পেনশন মঞ্জুরীর পূর্বেই সরকারি কর্মচারীর মৃত্যু হইলে:

- (০১) পারিবারিক পেনশন আবেদন ফরম ২.২ (সংযোজনী-৫);
- (০২) নন-গেজেটেড কর্মচারীগণের ক্ষেত্রে হালনাগাদ সার্ভিস বুক;
- (০৩) অবসর ও পিআরএল-এ গমনের মঞ্জুরীপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
- (০৪) প্রত্যাশিত শেষ বেতনপত্র (ইএলপিসি) (প্রযোজ্য ক্ষেত্রে);
- (০৫) সত্যায়িত ছবি (স্বামী/স্ত্রী/উত্তরাধিকারগণের) ০৪(চার) কপি;
- (০৬) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন (উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণের বয়স ১৮ বছরের নীচে হইলে জন্ম সনদ এবং বয়স ১৮ বছরের উপরে হইলে জাতীয় পরিচয়পত্র);
- (০৭) উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সনদপত্র (সংযোজনীয়-৩);
- (০৮) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙুলের ছাপ (সংযোজনী-৬);
- (০৯) অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পন সনদ (সংযোজনী-৭);
- (১০) চিকিৎসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদপত্র;
- (১১) না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনীয়-৮)
- (১২) চাকুরী স্থায়ীকরণ/নিয়মিতকরণের আদেশ (উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব খাতে স্থানান্তরিক/আত্মীকৃত/এডহক ভিত্তিতে নিয়োগকৃতদের ক্ষেত্রে প্রযোজ্য);
- (১৩) প্রতিবন্ধী সন্তানের (যদি থাকে) নিবন্ধন, পরিচয়পত্র ও মেডিকেল বোর্ডের সনদপত্র।

(২) অবসর ভাতা ভোগরত অবস্থায় পেনশন ভোগীর মৃত্যু হইলে:

- (০১) পারিবারিক পেনশন আবেদন ফরম ২.২ (সংযোজনী-৫);
- (০২) সত্যায়িত ছবি (স্বামী/স্ত্রী/উত্তরাধিকারগণের) ০৪(চার) কপি;
- (০৩) উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সনদপত্র (সংযোজনী-৩);
- (০৪) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙুলের ছাপ (সংযোজনী-৬);
- (০৫) অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পন সনদ (সংযোজনী-৭);
- (০৬) চিকিৎসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদপত্র;
- (০৭) অবসর ভাতার মঞ্জুরী পত্র;
- ০৮) পিপিও এবং ডি-হাফ;
- (০৯) প্রতিবন্ধী সন্তানের (যদি থাকে) নিবন্ধন, পরিচয়পত্র ও মেডিকেল বোর্ডের সনদপত্র।